# 2017

## ELECTIVE BENGALI

PAPER : 6.2

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

'অসমের বাংলা সাহিত্য' অথবা 'প্রতিবেশী সাহিত্য'-এর যে কোনো একটি থেকে উত্তর দাও

( অসমের বাংলা সাহিত্য )

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) ওরিজিনাল গুণধরকে সনাক্ত করার চিহ্নটি কী?

(খ) গুণধর মাঝে-মাঝেই কোন্ গানটি গায়?

(গ) গোপাল মাস্টারের ছেলে ঘর ছেড়ে চলে গিয়েছিল কেন?

(ঘ) উজ্জ্বলের বাবা কেন উজ্জ্বলের অফিসে এসেছিলেন?

(ঙ) মায়ের চিকিৎসার জন্য পবিত্রর কত টাকার দরকার ছিল?

(চ) সিলেট জেলার কোন্ মহকুমায় সুজিৎ চৌধুরীদের আদি বাড়ি ছিল ?

(ছ) 'মধ্যমবাবু'র প্রকৃত নাম কী ?

(জ) বানিয়াচোঙে পড়তে এসে সুজিৎ চৌধুরীর বাবা কাদের বাড়িতে থাকতেন ?

(ঝ) শৈশবে সুজিৎ চৌধুরী কার কাছে গল্প শুনতেন ?

(ঞ) সুজিৎ চৌধুরীদের গেম টিচারের নাম কী ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) গুণধর কোন্ পরীক্ষা দেয়নি ? তার পরীক্ষা না দেবার কারণটি কী ?

(খ) "ওই কালো মুখ পেছনে ফেলে এক পা এগুনোরও শক্তি রাখে না সে।" এখানে 'সে' কে ? কার কালো মুখের কথা বলা হয়েছে ?

(গ) "একই কোম্পানীর ছাপ-মারা কে রে তুই বাপ ?" কে, কার উদ্দেশ্য একথা বলেছে ?

(ঘ) 'মৈত্রী' কোন্ ধরনের পত্রিকা ? এর প্রথম সম্পাদকের নাম কী ?

(ঙ) "স্কুল বাড়ির লাগোয়া তিনটি কোয়ার্টারস"—তার একটি সুজিৎ চৌধুরীদের বাড়ি, অপর দুটিতে কারা থাকতেন ?





৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) " 'গুণধরের অসুখ' নাটকের প্রথম দৃশ্যে একটি পরীক্ষার হলের পরিচিত পটভূমিতে ফুটে উঠেছে গোপাল মাস্টারের জীবনের বেদনাময় কাহিনী।" প্রসঙ্গ নির্দেশ করে আলোচনা করো।

(খ) গুণধরের বাবা গুণধরকে চক্রবর্তীর কাছ থেকে পাওনার টাকা আদায় করতে পাঠালে গুণধর কী কী করেছিল, তা সংক্ষেপে ব্যক্ত করো।

(গ) টীকা লেখো : পবিত্র।

(ঘ) "পাইলগাঁওয়ের ওই স্কুলের পরিবেশটা ছিল সত্যিই সুন্দর।" 'হারানো দিন হারানো মানুষ' অবলম্বনে আলোচনা করো।

(ঙ) " 'সিরাজের স্বপ্ন' ব্যক্তিগতভাবে আমার বড় রকমের বিপদের পরোক্ষ কারণ হয়েছিল।" প্রসঙ্গটি বর্ণনা করো।

(চ) টীকা লেখো : সুজিৎ চৌধুরীর 'মাসিমা'।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) " 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থটি আসলে লেখকের শৈশব স্মৃতির এক অফুরন্ত মিছিল।" 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থে তোমাদের পাঠ্যতালিকাভুক্ত অধ্যায়গুলি অবলম্বনে উক্তিটির যথার্থতা বিচার করো।

(খ) 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থে লেখক শৈশবের ফুটবল খেলার যে স্মৃতিচারণ করেছেন তা সংক্ষেপে বর্ণনা করো।

(গ) "আমাদের শৈশবে গ্রামের মানুষের যৌথ বিনোদনের সর্বশ্রেষ্ঠ মাধ্যম ছিল যাত্রাগান।" লেখকের এই উক্তি অবলম্বনে তাঁর বর্ণিত যাত্রাগানের বিবরণ দাও।

(ঘ) 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থের দ্বিতীয় অধ্যায়ের নাম 'বাবা'। এই অধ্যায়টি অবলম্বনে লেখকের বাবার চরিত্র-চিত্রণ করো।

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'গুণধরের অসুখ' নাটকে বিচিত্র ঘটনার পরিপ্রেক্ষিতে উজ্জ্বল চরিত্রটি বিশ্লেষণ করো।

(খ) মাথার ডাক্তারের সঙ্গে গুণধরের যে কথোপকথন হয়েছিল, তার তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) 'গুণধরের অসুখ' নাটকে বিচিত্র ঘটনার মধ্য দিয়ে যে হাস্যরস সৃষ্টি করা হয়েছে, নাটকে তার গুরুত্ব কতখানি আলোচনা করো।

(ঘ) " 'গুণধরের অসুখ' নাটকটির বহিরঙ্গে আছে টুকরো টুকরো কিছু অসংলগ্ন ঘটনা ও কাহিনি, কিন্তু তারই অন্তরালে প্রবাহিত আধুনিক মানুষের যন্ত্রণার অশ্রুধারা।" 'গুণধরের অসুখ' নাটক অবলম্বনে আলোচনা করো।





## ( প্রতিবেশী সাহিত্য )

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) কাঞ্চনকুমারীর মায়ের পরিচয় কী?

(খ) রাজমাও-র বয়স কত?

(গ) "এ পদুমর পাহি রে হেনো বিচনী এখন গোঁঠে।" বক্তা কে?

(ঘ) 'কারেঙর লিগিরী' গ্রন্থে রাজ্যের মন্ত্রীপুত্রের নাম কী?

(ঙ) "ভৈয়ামর ছোয়ালী তই ভয় খাইছ নে কি?" 'ভৈয়ামর ছোয়ালী' বলে কাকে সম্বোধন করা হয়েছে?

(চ) গোবিন্দপুর গ্রামের ব্রাহ্মণপাড়ায় কত ঘর ব্রাহ্মণের বাস?

(ছ) মফঃস্বলের লোক কী দেখে সময় নির্ণয় করে?

(জ) অসুর দিঘিতে সর্বমোট কয়টি ঘাট আছে?

(ঝ) শরিআর বয়স কত?

(ঞ) বাঘসিংহ বংশের পদবী কী ছিল?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "এই পুথি-পাঁজিবোরেই ইয়ার কোমল মতি অবাটে নিলে।" বক্তা কে? কার সম্পর্কে এই উক্তি করা হয়েছে?

(খ) "মোকো তোমার দাপোণত প্রতিফলিত তোমারেই প্রতিবিম্ব বুলি ভাবিছা নে?" কে, কাকে একথা বলেছে?

(গ) মঙ্গরাজ কোন্ তিথিতে কী কী দিয়ে ব্রাহ্মণ ভোজন করান ?

(ঘ) বুড়ি মঙ্গলা কে ? তাঁর অবস্থান কোথায় ?

(ঙ) তাঁতিপাড়ার মাথায় কী কী আছে ?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) "মোর মনর রাজ্যত মই ইয়ান অকলশরীয়া।" প্রসঙ্গ উল্লেখ করে বক্তার একথার তাৎপর্য বিশ্লেষণ করো।

(খ) " 'কারেঙর লিগিরী' নাটকের 'দ্বিতীয় দর্শন'-এ নাগা ছেলেটি যেন নাটকীয় ঘটনার জটিলতার মধ্যে প্রকৃতির এক কোমল স্পর্শ নিয়ে এসেছে।" প্রসঙ্গ নির্দেশ করে নাটকে তার গুরুত্ব কতটুকু তা আলোচনা করো।

(গ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

"তর্কেরে রাজ্য নচলে, বুঢ়া বাপের সন্তুষ্টি নহয়। জনম দিয়া মারর পেটর পোরণি নুগুচে।"

(ঘ) বাঘসিংহের বাড়িতে আগুন লাগার দৃশ্যটি বর্ণনা করো।

(ঙ) 'চাষ-তদারক' অংশে মঙ্গরাজের নিষ্ঠুরতার যে ছবি আমরা পাই তা আলোচনা করো।

(চ) মঙ্গরাজের ঘরের সংক্ষিপ্ত বর্ণনা দাও।

৪। ভগিআ ও শরিআ সম্পর্কে নাতিদীর্ঘ আলোচনা করে কাহিনিতে এদের ভূমিকা কতখানি তা ব্যাখ্যা করো। ১০

*অথবা*

কর্ত্রীঠাকুরণের চরিত্রচিত্রণ করো। ১০





৫। "ফকির মোহনের লেখার বৈশিষ্ট্য তাঁর সূক্ষ্ম রসবোধ, ভাষার সহজ গতি, অঙ্কিত শিল্পসৃষ্টির ন্যায় প্রাঞ্জল চরিত্রচিত্রণ ও ঘটনা বিবরণ।" 'ছ মণ আঠ গুন্ঠ' (উনিশ বিঘা দুই কাঠা) অবলম্বনে উক্তিটির যাথার্থ্য প্রতিপন্ন করো। ১০

*অথবা*

'ছ মণ আঠ গুন্ঠ' (উনিশ বিঘা দুই কাঠা) গ্রন্থটির নামকরণের সার্থকতা আলোচনা করো। ১০

৬। 'কারেঙর লিগিরী' নাটকে সুন্দর কোঁয়রের চরিত্র বিশ্লেষণ করো। ১০

*অথবা*

"কাঞ্চনমতী আর সুন্দর প্রায় সমকক্ষ চরিত্র। সততা ও চারিত্রিক দৃঢ়তার জন্য সে অনঙ্গ ও সুন্দরের মুখোমুখি হতে দ্বিধা করেনি।" কাঞ্চনমতীর চরিত্র আলোচনা করে উক্তিটির সত্যতা প্রতিপন্ন করো। ১০

৭। "মধ্যযুগীয় রাজার আমলের কাহিনি পটভূমি হিসেবে উপস্থাপিত হলেও 'কারেঙর লিগিরী' নাটকটিই আধুনিক অসমিয়া নাট্যসাহিত্যে বাস্তবধর্মী চিন্তাশীল নাটকের সূচনা করে।" 'কারেঙর লিগিরী' নাটক অবলম্বনে উক্তিটির যাথার্থ্য আলোচনা করো। ১০

*অথবা*

"ইবসেনের মতো মহান লেখকের বৈপ্লবিক নাট্যচিন্তা এবং তার সাফল্যের দ্বারা প্রভাবিত এবং উৎসাহিত হয়ে অসমিয়া ভাষায় 'কারেঙর লিগিরী'র মতো নাটক সৃষ্টি করে জ্যোতিপ্রসাদ মৌলিক প্রতিভারই পরিচয় দিয়েছেন।" 'কারেঙর লিগিরী' অবলম্বনে উক্তিটি আলোচনা করো। ১০

★★★